# Visit of Prime Minister of Nepal, H.E. Mr. Sher Bahadur Deuba to India (April 01-03, 2022)

April 02, 2022

---

# নেপালের প্রধানমন্ত্রী হিজ এক্সেলেন্সি মিস্টার শের বাহাদুর দেউবার ভারত সফর (এপ্রিল **01-03, 2022** )

এপ্রিল 02, 2022

1.নেপালের প্রধানমন্ত্রী দ্য রাইট অনারেবল মিস্টার শের বাহাদুর দেউবা, ভারতের মাননীয় প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর আমন্ত্রণে সাড়া দিয়ে তার স্ত্রী ডঃ আর্জু রানা দেউবার সাথে 1-3 রা এপ্রিল 2022 –এ ভারতে একটি সরকারি সফরে রয়েছেন।

2. প্রধানমন্ত্রী দেউবার প্রধানমন্ত্রীত্ব কালে এটি ওনার পঞ্চম ভারত সফর এবং 2021-এর জুলাইয়ে প্রধানমন্ত্রীর পদ গ্রহণের পরে প্রথম দ্বিপাক্ষিক সফর। প্রধানমন্ত্রীর সফরকালে তার সাথে প্রতিনিধি দলের একটি অংশ হিসেবে রয়েছেন বিদেশমন্ত্রী ডঃ নারায়ন খাড়কা, শক্তি এবং জলসম্পদ মন্ত্রী শ্রীমতী পম্পা ভুসাল, স্বাস্থ্য ও জনসংখ্যা মন্ত্রী মিস্টার ভিরোধ খাটিওয়াড়া, কৃষি এবং প্রাণী বিকাশ মন্ত্রী মিস্টার মাহিন্দ্রা রায় যাদব।

3. উভয় মন্ত্রী 2রা এপ্রিল 2022 তারিখে দ্বিপাক্ষিক বৈঠক করেছেন। রাজনৈতিক, অর্থনৈতিক, বাণিজ্য, শক্তি, সুরক্ষা এবং উন্নয়ন সম্পর্কিত দ্বিপাক্ষিক এজেন্দার যাবতীয় বিষয়ের তারা পর্যালোচনা করেছেন। নিউ দিল্লিতে প্রধানমন্ত্রী দেউবার অবস্থান কালে বিদেশমন্ত্রী ডঃ এস জয়শংকর এবং জাতীয় সুরক্ষা উপদেষ্টা শ্রী অজিত ডোভাল তার সাথে সাক্ষাৎ করেছেন।

4. উভয়মন্ত্রী শক্তি ক্ষেত্রে পরস্পরের লাভজনক সহযোগিতার অভূতপূর্ব সুযোগ নিয়ে আলোচনা করেছেন। এই বিষয়ে, বিদ্যুৎ সেক্টরে সহযোগিতার বিষয়ে একটি যৌথ দৃষ্টিভঙ্গির বিবৃতি যা বন্টিত প্রতিশ্রুতির পাশাপাশি বিদ্যুৎ উৎপাদন, ট্রান্সমিশন এবং বাণিজ্যে উইন-উইন সহযোগিতার সুযোগের কথা তুলে ধরেছে।উভয় মন্ত্রী ভারত দ্বারা প্রসারিত লাইন অব ক্রেডিটের অধীনে নির্মিত 90 কিমি লম্বা 132 কেভিডিসি ট্রান্সমিশন লাইন এবং সাবস্টেশনের যৌথভাবে উদ্বোধন করেছেন। উভয় পক্ষই বিশদ প্রকল্প প্রতিবেদনের (ডিপিআর) প্রাথমিক চূড়ান্তকরণের মাধ্যমে শুরু হওয়া পঞ্চেশ্বর বহুমুখী প্রকল্প বাস্তবায়নে অগ্রগতি ত্বরান্বিত করতে সম্মত হয়েছে।

5. নেপালের প্রধানমন্ত্রী উদবৃত্ত উৎপাদিত বিদ্যুৎ ভারতে রপ্তানি করার জন্য নেপাল ইলেকট্রিসিটি অথোরিটিকে নতুন অনুমোদন প্রদানের জন্য প্রশংসা ব্যক্ত করেছেন। তিনি নেপালের জলবিদ্যুৎ উন্নয়ন প্রোজেক্টে ভারতীয় কোম্পানিগুলিকে আরও বেশী করে অংশগ্রহণের জন্য আমন্ত্রণ জানিয়েছেন।নেপালে 900 মেগা ওয়েটের অরুন-III প্রজেক্টের অগ্রগতির কথাও উল্লেখ করা হয়েছে।

6. প্রধানমন্ত্রী 01, এপ্রিল 2022 -এ আন্তর্জাতিক সৌর জোটে (আইএসএ) নেপালের যোগদানের সিদ্ধান্তকে স্বাগত জানিয়েছেন। নেপাল হল আইএসএ-তে স্বাক্ষরকারী 105তম দেশ।

7. উভয় প্রধানমন্ত্রী অর্থনৈতিক এবং বাণিজ্য এজেন্ডা নিয়েও মত বিনিময় করেছেন এবং বাণিজ্য, বিনিয়োগ ও যোগাযোগ সূত্রকে আরও গভীর ও সুবিধাজনক করার জন্য কর্মপন্থাকে ত্বরান্বিত করার সিদ্ধান্ত নিয়েছেন। উভয় প্রধানমন্ত্রী সম্প্রতি সম্পূর্ণ হওয়া ভারত থেকে নেপালে দীর্ঘমেয়াদী সারের সরবরাহকে সুবিধাপ্রদানের জন্য জি-টু-জি চুক্তি এবং ভারত থেকে নেপালে পেট্রোলিয়ামজাত দ্রব্যের পঞ্চ-বার্ষিকী সাধারণ সরবরাহ চুক্তির পুনর্নবীকরনকে স্বগত জানিয়েছেন।

8. উভয় নেতা বিস্তৃত এবং শক্তিশালী দ্বিপাক্ষিক উন্নয়ন অংশীদারিত্ব নিয়ে আলোচনা করেন।তারা, ক) জয়নগর-কুর্থা-বিজালপুর-বার্দিবাস, খ) যোগবানী-বিরাটনগর গ) রক্সৌল- কাঠমান্ডু সংযোগ কারী আন্তঃসীমান্ত রেল যোগাযোগ প্রকল্প সহ নেপালের ভারতীয় প্রকল্পগুলির বাস্তবায়নের অগ্রগতির পর্যালোচনা করেন।সফরকালে, একটি ঐতিহাসিক মাইল ফলক হিসেবে উভয় প্রধানমন্ত্রী ভারত ও নেপালের মধ্যে সংযোগকারী কুর্থা-জয়নগর সেকশনে প্রথম ব্রডগেজ যাত্রীবাহী ট্রেনের পরিষেবা পতাকা নড়িয়ে সূচনা করেন।ভারত সরকারের আর্থিক অনুদানের সহায়তায় জয়নগর-কুর্থা রেল যোগাযোগটি নির্মিত হয়েছে।

9. কাভের পালানচকে ন্যাশনাল পুলিশ একাডেমী, নেপালগঞ্জ ও ভৈরাহাওয়া তে ইন্টিগ্রেটেড চেক পোষ্ট এবং রামায়ন সার্কিটের অধীনে প্রকল্প সহ সকল ভারত-সহায়তা প্রকল্পগুলকে সময় মত সম্পূর্ন করার জন্য বাধা দূর করার ও সুবিধাপ্রদান করার নেপাল সরকারের সম্পূর্ণ সহযোগিতার আশ্বাসের জন্য প্রধানমন্ত্রী মোদী নেপালের প্রধানমন্ত্রী দেউবাকে অভিনন্দন জানান। প্রধান মন্ত্রী দেউবাকে এটাও জানানো হয়েছে যে, ভারতের আজাদিকা অমৃত মহোৎসব উদযাপনের অঙ্গ হিসেবে ভারত এই বছরে নেপালে 75টি বিকাশকামী প্রকল্পের উদ্বোধন করবে।

10. দুই প্রধানমন্ত্রী যৌথভাবে ভারতীয় রুপে কার্ডের ব্যবহার নেপালে চালু করেছেন। এটি অর্থনৈতিক সংযোগের সহযোগিতার একটি নতুন পথ খুলে দেবে এবং আশা করা যায় যে, ভারত ও নেপালের মধ্যে জনগণের সাথে জনগণের সংযোগ কে আরও মজবুত করার পাশাপাশি দ্বিপাক্ষিক পর্যটন স্রোতকে সাবলীল করবে।

11. 3রা এপ্রিল 2022 তারিখে, প্রধান মন্ত্রী দেউবা, দুই দেশের মধ্যে গভীর ধর্মীয় ও সাংস্কৃতিক সংযোগের প্রতীক শহর হিসেবে বারানসী সফর করবেন। বারানসীতে তাকে অভ্যর্থনা জানাবেন উত্তর প্রদেশের মাননীয় মুখ্যমন্ত্রী শ্রী আদিত্যনাথ যোগী এবং তার বারানসী সফরকালে তিনি তাকে সঙ্গ প্রদান করবেন।

12. নেপালের সাথে ভারতের সম্পর্ক ভারতের 'প্রতিবেশী প্রথম' নীতির মুখ্য স্তম্ভগুলির মধ্যে অন্যতম। নেপালের প্রধানমন্ত্রীর ভারত সফর দুই দেশে মধ্যে বন্ধুত্ব ও সহযোগিতার ঐতিহ্যবাহী এবং দীর্ঘমেয়াদী বন্ধনকে আরও মজবুত করার জন্য অবদান রাখবে। দুই প্রধানমন্ত্রীর মধ্যে অকপট এবং ফলপ্রসু আলোচনা একাধিক ক্ষেত্রের দ্বিপাক্ষিক সহযোগিতার বিশেষ করে যেগুলি শক্তি এবং যোগাযোগের সাথে সম্পর্কিত সেইসব ক্ষেত্রে দ্বিপাক্ষিক সহযোগিতার জন্য একটি শক্তিশালী এজেন্ডাকে উচ্চ-স্তরীয় দিকনির্দেশ এবং আকার প্রদান করেছে।

13. সফরের ফলাফলগুলির তালিকা নিম্নলিখিত লিঙ্কে পাওয়া যেতে পারে

link: https://cutt.ly/QDCVK9w

নিউ দিল্লি

এপ্রিল 02,2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA’s website and may be referred to as the official press release.